দৈনিক বাংলা

তারিখ ... 04 JUL 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭ ...

৬৬

১৮

## পটিয়ায় পুলিশের সঙ্গে সংঘর্ষ ঃ ২০ জন আহত

# দেড় হাজার এসএসসি পরীক্ষার্থী বহিষ্কার

বুধবার এসএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে কুমিল্লা বোর্ডের চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলা কেন্দ্রে বহিরাগতরা নকল সরবরাহ করার চেষ্টা করলে পুলিশের সঙ্গে তাদের সংঘর্ষ হয়। এতে কমপক্ষে ২০ ব্যক্তি আহত হয়। পুলিশ ১০ ব্যক্তিকে গ্রেফতার করে।

এদিকে, গতকাল কুমিল্লা বোর্ডের ৮৫টি কেন্দ্রে, এসএসসি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে এক হাজার ১৮০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। এছাড়া পরীক্ষায় নকল সরবরাহের অভিযোগে ৭ জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে।

যশোর শিক্ষা বোর্ডের বিভিন্ন কেন্দ্রে গতকাল ইংরেজী প্রথম ও দ্বিতীয় পত্রের পরীক্ষায় নকল করার অভি-

(৪-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

### পরীক্ষার্থী বহিষ্কার

(প্রথম পৃষ্ঠার পর)

যোগে ৩১১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। এর মধ্যে সবচেয়ে বেশী বহিষ্কার হয় কুষ্টিয়া জেলার ৬টি কেন্দ্রে—মোট ১৬২ জন।

এর মধ্যে বরিশালের ১০টি উপজেলায় গতকাল ১৩৪ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়। বরগুনায় বহিষ্কৃত হয় ৪৪ জন পরীক্ষার্থী। পিরোজপুরের ৬টি কেন্দ্র থেকে বহিষ্কার করা হয়েছে ৯৫ জন পরীক্ষার্থীকে।

সংশ্লিষ্ট জেলা থেকে আমাদের স্টাফ রিপোর্টার ও সংবাদদাতারা এসব খবর পাঠিয়েছেন।

**চট্টগ্রাম**

গতকাল সকাল ১১টায় ইংরেজী প্রথম পত্রের পরীক্ষা চলাকালে বহিরাগতরা পটিয়া উপজেলা কেন্দ্রে নকল সরবরাহের চেষ্টা করলে পুলিশ বাধা দেয়। এ নিয়ে ছাত্রদের সঙ্গে পুলিশের সংঘর্ষ শুরু হয়। ছাত্র-জনতা পুলিশের উপর ইটপাটকেল নিক্ষেপ করে। পুলিশ লাঠিচার্জ করলে ছাত্র-জনতা ছত্রভঙ্গ হয়ে যায়। পুলিশ ঘটনাস্থল থেকে ১০ ব্যক্তিকে গ্রেফতার করে।

এদিকে রামু ও কক্সবাজার কেন্দ্রে নকল করতে বাধা দেয়ায় জনতা ও পুলিশের মধ্যে সংঘর্ষে ১০ ব্যক্তি আহত হয়।

গতকাল ইংরেজী প্রথম ও দ্বিতীয় পত্রের পরীক্ষায় নকল করার অভিযোগে ৩৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয় বলে চট্টগ্রাম জেলা প্রশাসন সূত্র জানান।